# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩০ নভেম্বর, ২০০৬ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম নূরুল আমিন, (এন), এনডিসি, পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ শফিকুল আলম, এফএডব্লিউসি, পিএসসি, জিডি (পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।

[illegible] লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম -- সদস্য
[illegible]
[illegible]

[illegible] -- সদস্য
[illegible]
[illegible] হাসপাতাল
[illegible]

[illegible] চৌধুরী -- সদস্য
[illegible] রোড
[illegible] ঢাকা সেনানিবাস।

[illegible] মোঃ [illegible] আহমেদ -- সদস্য
[illegible] ডিওএইচএস
[illegible]

[illegible] উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস [illegible] (অবঃ), মেম্বর সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ এবং [illegible] পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

[illegible] অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভায় [illegible] নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

[illegible] গত [illegible] অক্টোবর, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

[illegible] গত [illegible] অক্টোবর, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

[illegible] অক্টোবর, ২০০৬ [illegible]

[illegible] অক্টোবর, ২০০৬ [illegible]

চলমান পাতা-২

প্রস্তাব নং-৩ ঃ অক্টোবর, ২০০৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন। ৩১ অক্টোবর, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩ এর সিদ্ধান্তক্রমে ক্যান্টনমেন্ট বোর্ডের বার্ষিক নিরীক্ষা আপত্তির পরিসংখ্যান উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ অক্টোবর, ২০০৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। এছাড়া ১৯৭১-৭২ সাল থেকে হালনাগাদ পর্যন্ত ক্যান্টনমেন্ট বোর্ডের নিরীক্ষা আপত্তি অবলোকন করা হলো। অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৫-২০০৬ আর্থিক সালের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৫-২০০৬ আর্থিক সালের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। উক্ত আয় ও ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, ঢাকা এর বরাবরে প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/বি নং ফ্ল্যাটের ক্রয়সূত্রে মালিক জনাব সৈয়দ আক্তার কামাল এর নিয়ুক্তীয় আম মোক্তার জনাব মোর্তজা মামুনুর রশীদ এর ০৬ জুন, ২০০৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে জনাব মোঃ আমিনুর রহমান, পিতা- মরহুম আব্দুর রাজ্জাক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২২ অক্টোবর, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/বি নং ফ্ল্যাটটি জনাব মোঃ আমিনুর রহমান, পিতা- মরহুম আব্দুর রাজ্জাক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/বি নং ফ্ল্যাটের মালিক লেঃ কর্ণেল মোঃ মোস্তফা কামাল (অবঃ) এবং ডাঃ আলী আসকার কোরেশী এর ০৫ মার্চ, ২০০৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে জনাব মোঃ হুমায়ুন কবির খন্দকার, পিতা- জনাব মোঃ জহুরুল হক খন্দকার এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২২ অক্টোবর, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলাচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/বি নং ফ্ল্যাটটি জনাব মোঃ হুমায়ুন কবির খন্দকার, পিতা- জনাব মোঃ জহুরুল হক খন্দকার এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**চলমান পাতা-৩**

প্রস্তাব নং-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৩০৪ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস ফাহিমা রাব্বী রীটা, স্বামী- জনাব হাসান ইকবাল শামীম এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৬ মার্চ, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৩/বি/৩০৪/১১ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৯ নভেম্বর, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলাচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৩০৪ নং ফ্ল্যাটটি মিসেস ফাহিমা রাব্বী রীটা, স্বামী- জনাব হাসান ইকবাল শামীম এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭০ নং প্লটে নির্মিত বাড়ীর সিবি-১ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস জাহান আরা বেগম, স্বামী- ফ্লাঃ লেঃ এ কে সুলতান আহমদ (অবঃ) এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৭ আগস্ট, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৭০/ফ্ল্যাট নং-সিবি-১/৪৭ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ১৯ অক্টোবর, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭০ নং প্লটে নির্মিত বাড়ীর সিবি-১ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস জাহান আরা বেগম, স্বামী- ফ্লাঃ লেঃ এ কে সুলতান আহমদ (অবঃ) এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৯ ঃ ২২ সেপ্টেম্বর, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-১৯ এর মাধ্যমে লেঃ কর্ণেল (অবঃ) সৈয়দ মোহাম্মদ দেলোয়ার হোসেন, বাড়ী # ২৯০, লেন # ৪, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাসের অনুকূলে সিকিউরিটি এন্ড লজিস্টিকস্ সার্ভিসেস ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে উল্লেখিত ঠিকানায় ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়টি স্থগিত রাখা হয়। অত্র দপ্তরের ০৮ আগস্ট, ২০০৬ তারিখের ঢাক্যাবো/এলএ/৪৮/৬/৭৩ নং পত্রের উদ্ধৃতি দিয়ে গত ০৪ অক্টোবর, ২০০৬ তারিখে উক্ত ঠিকানায় একই নামে ট্রেড লাইসেন্স প্রদানের জন্য পুনরায় আবেদন করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদন ও নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সমন্বিত অফিসার্স আবাসিক প্রকল্প কমিটির ৪১তম সভার আলোচ্যসূচী-৫ এ সিদ্ধান্ত মোতাবেক ডিওএইচএস সমূহে সিকিউরিটি এন্ড লজিস্টিকস সার্ভিসেস এর অনুকূলে ট্রেড লাইসেন্স প্রদানের সুযোগ না থাকায় আবেদনটি বিবেচনা না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-১০ ঃ ঢাকা সেনানিবাসস্থ রজনীগন্ধা সুপার মার্কেটের জনতা ব্যাংক ভবনটির ভাড়ার চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০০৬ তারিখে উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে সংশ্লিষ্ট শাখার ব্যবস্থাপক ভাড়ার চুক্তিপত্র পরবর্তী ০৩(তিন) বছরের জন্য নবায়নের নিমিত্তে গত ৩১ অক্টোবর, ২০০৬ তারিখে দেবে/রজনীগন্ধা সুঃ মাঃ/ব্যাংক ভবন/২০০৬ নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরে আবেদন করেন। এ প্রসংগে উল্লেখ্য যে, ইতোপূর্বে উক্ত ভবন ভাড়ার হার মাসিক প্রতি বর্গফুট ১২/- (বার) টাকা হিসেবে ৪০,০৬৮/- (চল্লিশ হাজার আটষট্টি) টাকা উক্ত ভবনটি জনতা ব্যাংক কর্তৃপক্ষকে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য ভাড়া প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথি ও আবেদনপত্র সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। ভাড়া চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৪(চার) মাস পর চুক্তি নবায়নের আবেদনের ব্যাপারে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। তবে জনতা ব্যাংক সেবাধর্মী একটি সরকারী প্রতিষ্ঠান বিধায় বর্তমানে প্রচলিত ভাড়ার হার প্রতি বর্গফুট ১২/- (বার) টাকা হতে ১৬/- (ষোল) টাকায় বৃদ্ধি করতঃ চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ থেকে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য ভাড়া চুক্তি নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১১ ঃ রজনীগন্ধা সুপার মার্কেট কমিটির বর্তমান সহযোগী সদস্যদের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০০৬ তারিখে উত্তীর্ণ হবে। এ প্রেক্ষিতে নতুন কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠান করা প্রয়োজন। উল্লেখ্য যে, বর্তমান নির্বাচিত কমিটির ১২(বার) জন সহযোগী সদস্য ১৮ নভেম্বর, ২০০৬ তারিখের আবেদনে পরবর্তী ০২(দুই) বছরের জন্য উক্ত কমিটির মেয়াদ বৃদ্ধি করার আবেদন করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য আবেদনসহ সংশ্লিষ্ট নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেট সহযোগী কমিটির বর্তমান সহযোগী সদস্যদের আবেদনটি বিবেচনা করা হলো না এবং মেয়াদান্তে নতুন সহযোগী কমিটি নির্বাচনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো। তবে নির্বাচন অনুষ্ঠান না হওয়া পর্যন্ত বর্তমান কমিটি বর্তমান কমিটি কার্যকর থাকবে।

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের বাসভবন মেরামত, সংস্কার ও সাজ-সজ্জাকরণ কাজ। | ৪,২৭,১৭৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | সিগন্যাল গেইট হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত রাস্তা মেরামতকরণ কাজ। | ৪৯,৭২০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৫ নং রোডের পশ্চিম প্রান্তে ৩৭/এ নং প্লটের পিছনে ৩য় গভীর নলকূপ ও সব-মারসিবল পাম্প সরবরাহ ও স্থাপন। | ৪৪,৩০,৯৮০/- টাকা | বাজেট বরাদ্দ |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্রমিক নং-১ ও ২ এ উল্লেখিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং-৩ এ উল্লেখিত গভীর নলকূপ স্থাপনের মূল্যানুমান অনুমোদন বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

**চলমান পাতা-৫**

প্রস্তাব নং-১৩ ঃ ২০০৬-২০০৭ আর্থিক সালে নিরাপত্তা বাতির মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য ট্রান্সকম ইলেক্ট্রনিকটস লিঃ এর নির্ধারিত দরে ৪০ ওয়াট ক্ষমতা সম্পন্ন ব্লাস্ট ও স্টার্টার ক্রয় প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ২০০৬-২০০৭ আর্থিক সালে নিরাপত্তা বাতির মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য ট্রান্সকম ইলেক্ট্রনিকটস লিঃ এর নির্ধারিত দরে ৪০ ওয়াট ক্ষমতা সম্পন্ন ব্লাস্ট ও স্টার্টার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএ-১০০২০৬ ব্রিগেঃ জেনাঃ মোঃ তৌফিকুল আলম<br>ও<br>বিইসি-১১০০৯০ মেজর নাসিমা বেগম (অবঃ) | ৪০৮/৬ | বারিধারা ডিওএইচএস | ০৬(ছয়) তলা ভবন |
| (২) | বিএ-১২৭৪ ব্রিগেঃ জেনাঃ ফেরদৌস হাসান খান | ১৮২ | -ঐ- | -ঐ- |
| (৩) | বিএ-১০০২৬৬ কর্ণেল মোঃ আজিজুল হক, এএমসি | ৪৯৯ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা ভবন |
| (৪) | পি নং-২১২ কমডোর এম ইমাম হোসেন (সি), এনডিসি, পিএসসি | ৩০৬ | -ঐ- | ০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা ভবন |
| | পি নং-২১৮ কমান্ডার এ এস এম এম আওরঙ্গজেব চৌধুরী, পিএসসি | ৩০৮ | | |
| (৫) | মিসেস লুৎফুন নাহার পারভীন ও অন্যান্য | ৩৪৭ | -ঐ- | ০৬(ছয়) তলা ভবন |
| (৬) | বিএসএস-১৩৬৬ মেজর মোঃ খলিলুর রহমান (অবঃ) | ১২৮ | -ঐ- | -ঐ- |
| (৭) | বিএ-১৯৪৩ লেঃ কর্ণেল মোজাম্মেল হোসেন | ১৪৭ | -ঐ- | -ঐ- |
| (৮) | বিএ-১৫২১ ব্রিগেঃ জেনাঃ ডি এস শওকত রাজা | ২২১ | -ঐ- | -ঐ- |
| (৯) | বিএ-১৭৪০ কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম | ২৮৭ | -ঐ- | ০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা ভবন |
| | বিএ-১৭৪১ কর্ণেল শাহীনুল ইসলাম চৌধুরী, পিএসসি | ২৮৫ | | |
| (১০) | বিএ-১৪০৬ ব্রিগেঃ জেনাঃ মোঃ জাবেদ আলী (অবঃ) | ২০৩ | -ঐ- | -ঐ- |
| | বিএ-১৪০৭ ব্রিগেঃ জেনাঃ মাহমুদুর রহমান খন্দকার | ২০৫ | | |
| (১১) | বিএ-১৬৫৩ ব্রিগেঃ জেনাঃ মাহবুবুল করিম | ২৯৫ | -ঐ- | ০৬(ছয়) তলা ভবন |
| (১২) | বিডি-৭০২৫ গ্রুপ ক্যাপ্টেন শেখ নাসিম আলী | ৩৮২ | -ঐ- | -ঐ- |
| (১৩) | বিএ-১০০২২০ ব্রিগেঃ জেনাঃ সরকার এম এ মতিন | ৩৫১/এ | মহাখালী ডিওএইচএস | -ঐ- |
| (১৪) | মিসেস মানসুরা রহমান<br>স্বামী- এয়ার কমডোর মেসবাউর রহমান | ৪৮৪ | -ঐ- | সংশোধিত ০৫(পাঁচ) তলা ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং-১৩ এ উল্লেখিত মহাখালী ডিওএইচএস এর ৩৫১/এ নং প্লটটি ত্রিকোণাকৃতি বিধায় সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪২তম সভার আলোচ্যসূচী-৬ এর সিদ্ধান্তক্রমে সেনানিবাস (ইমারত) নির্মাণ-উপ-আইন, ১৯৯৪ শিথিল করতঃ উক্ত প্লটের পূর্ব দিকের সীমানা দেয়াল হতে ২´-৬´ এবং পশ্চিম দিকের সীমানা দেয়াল হতে জমি না ছেড়ে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**চলমান পাতা-৬**

প্রস্তাব নং-১৫ ঃ মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের বিস্তারিত মাস্টার প্ল্যান প্রণয়ণের জন্য দরপত্র আহ্বান করা হলে গত ০১ নভেম্বর, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট, গ-১১৮/১, মহাখালী স্কুল রোড, হাজারীবাড়ী, ঢাকা কর্তৃক প্রদত্ত ২,৪৮,০০০/- (দুই লক্ষ আটচল্লিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের বিস্তারিত মাস্টার প্ল্যান প্রণয়ণের জন্য মেসার্স টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট, গ-১১৮/১, মহাখালী স্কুল রোড, হাজারীবাড়ী, ঢাকা কর্তৃক প্রদত্ত ২,৪৮,০০০/- (দুই লক্ষ আটচল্লিশ হাজার) টাকার দরটি অবাস্তব বিবেচনায় অনুমোদন করা হলো না। মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের তৃতীয় ধাপের মাস্টার প্ল্যান প্রণয়নের সময় আন্ডারগ্রাউন্ড ইলেক্ট্রিক লাইন, পানির লাইন, টেলিফোন লাইনসহ অন্যান্য সুবিধাদি সমেত প্ল্যান প্রস্তুত করে দাখিল করার জন্য সংশ্লিষ্ট কনসালটেন্ট ফার্মকে নির্দেশ প্রদানের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (ঢাকা মেট্রো-ক৬৪৪০ ও ঢাকা মেট্রো-খ-১২-২৩৯১), পিকআপ (ঢাকা মেট্রো-ঠ-১১-০১০৪) ও ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের এ্যাম্বুলেন্স (ঢাকা মেট্রো-অ-৭১-০৫২) সিএনজিতে রূপান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে অত্র দপ্তরের সিনিয়র কঞ্জারভেন্সী অফিসারের ২১ নভেম্বর, ২০০৬ তারিখের প্রতিবেদনটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (ঢাকা মেট্রো-ক-৬৪৪০ ও ঢাকা মেট্রো-খ-১২-২৩৯১), পিকআপ (ঢাকা মেট্রো-ঠ-১১-০১০৪) ও ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের এ্যাম্বুলেন্স (ঢাকা মেট্রো-অ-৭১-০৫২) সিএনজিতে রূপান্তরের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাভবনের সবুজ লনের জন্য ০৯ (নয়) ট্রাক সিলেট বালু সরবরাহের নিমিত্তে ১৬ নভেম্বর, ২০০৬ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে একটিভ এন্টারপ্রাইজ, বাড়ী # ১৯, এভিনিউ-২, ব্লক-ডি, সেকশন-১২, পল্লবী, মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি ট্রাক সিলেট বালু ৪,০০০/- (চার হাজার) টাকা হিসেবে ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ সেনাভবনের সবুজ লনের জন্য ০৯ (নয়) ট্রাক সিলেট বালু সরবরাহের নিমিত্তে একটিভ এন্টারপ্রাইজ, বাড়ী # ১৯, এভিনিউ-২, ব্লক-ডি, সেকশন-১২, পল্লবী, মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি ট্রাক সিলেট বালু ৪,০০০/- (চার হাজার) টাকা হিসেবে ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাসদরের সামনের রাস্তার পার্শ্বে রোপণের জন্য ১২(বার) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ২৯ অক্টোবর, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনন্তে ঢাকা সেনানিবাসস্থ সেনাসদরের সামনের রাস্তার পার্শ্বে রোপণের জন্য ১২(বার) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৭

প্রস্তাব নং-১৯ ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাকুঞ্জ হতে পোস্ট অফিস পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ১২(বার) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ০৫ নভেম্বর, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ সেনাকুঞ্জ হতে পোস্ট অফিস পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ১২(বার) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২০ ঃ ঢাকা সেনানিবাসস্থ স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ১২(বার) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ০৮ নভেম্বর, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ১২(বার) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ১০ (দশ) প্যাকেট এন্টারহিনাম, ০২(দুই) প্যাকেট হাইব্রিড রাজগাদা, ১৯(উনিশ) প্যাকেট হাইব্রিড সালভিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১৫ নভেম্বর, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট এন্টারহিনাম ৭০০/- (সাতশত) টাকা, হাইব্রিড রাজগাদা প্রতি প্যাকেট ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং হাইব্রিড সালভিয়া প্রতি প্যাকেট ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা হিসেবে মোট ৪৬,২০০/- (ছেচল্লিশ হাজার দুইশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রাস্তার উভয় পার্শ্বে রোপণের জন্য ১০ (দশ) প্যাকেট এন্টারহিনাম, ০২(দুই) প্যাকেট হাইব্রিড রাজগাদা, ১৯(উনিশ) প্যাকেট হাইব্রিড সালভিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট এন্টারহিনাম ৭০০/- (সাতশত) টাকা, হাইব্রিড রাজগাদা প্রতি প্যাকেট ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং হাইব্রিড সালভিয়া প্রতি প্যাকেট ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা হিসেবে মোট ৪৬,২০০/- (ছেচল্লিশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৮

প্রস্তাব নং-২২ ঃ ট্রান্সকম ইলেক্ট্রনিক্স লিমিটেড কর্তৃক পরীক্ষামূলকভাবে ঢাকা সেনানিবাসের যে কোন স্থানে ০৫(পাঁচ)টি হাই প্রেসার সোডিয়াম লাইট স্থাপনের অনুমতি চেয়ে ১৬ নভেম্বর, ২০০৬ তারিখে পিএল-০৬-১৬০ নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরে আবেদন করা হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ট্রান্সকম ইলেক্ট্রনিক্স এর প্রস্তাবের বিষয়ে সেনাসদর, ই-ইন-সি শাখা, ঢাকা সেনানিবাসের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৩ ঃ গত ২২ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে অনুষ্ঠিত ডিওএইচএস বারিধারা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণীর আলোচ্যসূচী আইটেম-৩, স্তবক-৮জি এবং আলোচ্যসূচী আইটেম-৮, স্তবক-১৪বি এর বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৯ নভেম্বর, ২০০৬ তারিখের ৩৯১৭/৮/১/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রখানা সভায় উপস্থাপন করা হলো ঃ-

(ক) **আলোচ্যসূচী আইটেম-৩, স্তবক-৮জি ঃ**

রেল লাইন বরাবর বাতি স্থাপন ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় অবস্থিত স্কুল গেইট হতে ট্রানজিট ক্যাম্প পর্যন্ত রেল লাইন বরাবর স্ট্রীট লাইট না থাকায় তা স্থাপনের ব্যবস্থাকরণ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত মতামত ঃ

যেহেতু প্রস্তাবিত এলাকাটি বাংলাদেশ রেলওয়ের সম্পত্তি সেহেতু উক্ত এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষে স্ট্রীট লাইট স্থাপন করা সম্ভবপর নয়। তবে বারিধারা ডিওএইচএস পরিষদ হতে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পাওয়া গেলে স্ট্রীট লাইট স্থাপনের ব্যাপারে বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষের অনুমতির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

(খ) **আলোচ্যসূচী আইটেম-৮, স্তবক-১৪বি ঃ**

স্বল্প বৃষ্টিতেই বারিধারা ডিওএইচএস এলাকার লেইন নং-১ হতে ৮ পর্যন্ত পানিতে নিমজ্জিত হয়ে পড়ে বিধায় লেইনগুলো উঁচুকরণসহ পুনঃনির্মাণ করা জরুরী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত মতামত ঃ

উক্ত ব্যাপারে বারিধারা ডিওএইচএস হতে আনুষ্ঠানিক প্রস্তাব পাওয়া গেলে তা বোর্ড সভায় উপস্থাপন করতঃ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকায় অবস্থিত স্কুল গেইট হতে ট্রানজিট ক্যাম্প পর্যন্ত রেল লাইন বরাবর স্ট্রীট লাইট স্থাপনের প্রস্তাবটি অনুমোদন করা হলো। তবে বারিধারা ডিওএইচএস এলাকার রাস্তা উঁচু করার পরিবর্তে অগ্রাধিকার ভিত্তিতে স্যুয়ারেজ লাইন স্থাপনের বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণের নিমিত্তে বারিধারা ডিওএইচএস পরিষদ-কে পত্র প্রদানের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৪ ঃ ২০০৪-২০০৫ আর্থিক সালের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অবলোকন

গৃহীত সিদ্ধান্ত ঃ ২০০৪-২০০৫ আর্থিক সালের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অবলোকন করা হলো। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৯

প্রস্তাব নং-২৫ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে বহুতল ভবন নির্মাণের নকশা প্রণয়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। বিস্তারিত পর্যালোচনার জন্য বিষয়টি পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৬ বিবিধ (১) ঃ নেভী কঞ্জারভেন্সী এলাকায় নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং ঢাকা মেট্রো-ম-০৫-৪৫২০ এবং ঢাকা মেট্রো-ন-১১-৭৭৩৭ এর মেরামতের জন্য দরপত্র আহ্বান করা হলে গত ২৬ নভেম্বর, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স গাজী এন্ড ব্রাদার্স, ১৮৬, ধামালকোট, ঢাকা কর্তৃক প্রদত্ত ঢাকা মেট্রো-ম-০৫-৪৫২০ নং ট্রাকের ইঞ্জিন মেরামত বাবদ ১৬,০০০/- (ষোল হাজার) টাকা এবং ঢাকা মেট্রো-ন-১১-৭৭৩৭ নং ট্রাকের মেরামত বাবদ ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা অর্থাৎ সর্বমোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার সর্বনিম্ন দর প্রদান করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে নেভী কঞ্জারভেন্সী এলাকায় নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং ঢাকা মেট্রো-ম-০৫-৪৫২০ এবং ঢাকা মেট্রো-ন-১১-৭৭৩৭ এর মেরামতের জন্য মেসার্স গাজী এন্ড ব্রাদার্স, ১৮৬, ধামালকোট, ঢাকা কর্তৃক প্রদত্ত ঢাকা মেট্রো-ম-০৫-৪৫২০ নং ট্রাকের ইঞ্জিন মেরামত বাবদ ১৬,০০০/- (ষোল হাজার) টাকা এবং ঢাকা মেট্রো-ন-১১-৭৭৩৭ নং ট্রাকের মেরামত বাবদ ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা অর্থাৎ সর্বমোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

২৬ বিবিধ (২) ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএসসমূহে ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের ক্ষেত্রে ডিওএইচএস পরিষদ এর ছাড়পত্র/পরামর্শ গ্রহণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ডিওএইচএস সমূহে ডেভলোপারদের নিকট হতে ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে প্রস্তাবিত ক্রেতাগণ যাতে প্রতারণার শিকার না হয় সে জন্য ফ্ল্যাট ক্রয়ের পূর্বে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ হতে ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক করা যেতে পারে। তবে এ বিষয়ে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির সিদ্ধান্ত সাপেক্ষে বিষয়টি চূড়ান্ত করণের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৬ বিবিধ (৩) ঃ ২০০৭ সালে পবিত্র ঈদ-উল-আযহার জামাত অনুষ্ঠানের লক্ষ্যে সেনানিবাস জামে মসজিদ ঈদগাহ মাঠে ত্রিপলসহ চাদর দিয়ে সাজানো এবং দু'টি গেইট তৈরীর নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সাগর ডেকোরেটর, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ২০০৭ সালে পবিত্র ঈদ-উল-আযহার জামাত অনুষ্ঠানের লক্ষ্যে সেনানিবাস জামে মসজিদ ঈদগাহ মাঠে ত্রিপলসহ চাদর দিয়ে সাজানো এবং দু'টি গেইট তৈরীর নিমিত্তে মেসার্স সাগর ডেকোরেটর, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভঅফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মনজুর মোর্শেদ চৌধুরী )
[উপ-সচিব]
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।